

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নথি নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.০৬.০১১.১৯

তারিখঃ ১৫-০৪-১৯ খ্রি.

বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ১৫/০৪/২০১৯ইং তারিখ বিকাল ২:৩০টায় ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব কামাল আহমেদ, সিস্টেমস এনালিস্ট ও মোঃ কবির উদ্দিন, সহকারী প্রোগ্রামার উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের বিগত ২৬/১২/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন/বর্তমান অবস্থা ও করণীয় নিম্নরূপঃ

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করণীয়
নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ	এটুআই সংশ্লিষ্টদের সাথে আলাপ হয়েছে। তারা জানিয়েছেন যে, করপোরেশনের সেবাসমূহ G2G, G2B, G2E হওয়ায় এবং ডিজাইন ও পরিকল্পনা সম্পন্ন করার কর্মশালাটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান/মন্ত্রণালয়ের কয়েকটি দপ্তর/সংস্থাকে একসাথে নিয়ে করা হয় বিধায় আপাততঃ করপোরেশনের সেবাসমূহের বিষয়ে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান/মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করা যেতে পারে।	ম্যানেজমেন্ট কমিটির ২৬/০২/২০১৯ তারিখের ১৭০ তম সভার সিদ্ধান্ত মোতাবেক ইনোভেশন টিম বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ই-পেনশন সেবা করপোরেশনে শুরু করা হয়েছে।	বাংলাদেশ ব্যাংকের সাথে বর্ণিত বিষয়ে যোগাযোগ করা যেতে পারে।
ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ		ম্যানেজমেন্ট কমিটির ২৬/০২/২০১৯ তারিখের ১৭০ তম সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে ইনোভেশন টিম প্রশাসন বিভাগের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে যোগাযোগ করা প্রয়োজন।	পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রশাসন বিভাগের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।
আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপঃ	ই-পেনশন সেবার উপর এটুআই কর্তৃক আয়োজিত ৩ দিনের ডিজাইন ও র্গাকশপে করপোরেশনের প্রতিনিধি অংশগ্রহণ করেছে। ইনোভেশন বাঞ্চে ১ টি আইডিয়া পাওয়া গেছে।	ম্যানেজমেন্ট কমিটির ২৬/০২/২০১৯ তারিখের ১৭০ তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত আইডিয়া যথাযথ কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপনযোগ্য। ইনোভেশন বাঞ্চে কোন আইডিয়া পাওয়া যায়নি।	-
ট্রেনিংঃ	এটুআই সংশ্লিষ্টদেরকে ইমেইলে এবং ফোনে যোগাযোগ করা হয়েছে। তারা ট্রেনিং এর সময় জানাবেন বলে জানিয়েছেন।	করপোরেশনের নিজ ব্যবস্থায় উৎপাদন সংশ্লিষ্ট ২০ জন কর্মকর্তাদের নিয়ে করপোরেশনের ইনোভেশন টিমের তত্তাবধানে পূর্বের ন্যায় ২দিনের কর্মশালার গাইডলাইন অনুযায়ী গেস্ট হাউসে প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। প্রশিক্ষক হিসেবে ইনোভেশন টিম এর সদস্য সিস্টেমস এনালিস্ট প্রশিক্ষণ প্রদান করতে পারেন।	প্রস্তাব মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যায়।
ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ	কার্যক্রমার্থী ১টি সেবার ব্যয় করপোরেশন কর্তৃক বহন করা হচ্ছে। অপর ২টি সেবার ব্যয়ও করপোরেশন বহন করবে।	ই-পেনশন সেবার যন্ত্রাংশ সংগ্রহে টিম লিডারকে আর্থিক মঞ্জুরী প্রদান করা হয়েছে।	-
পুরস্কার প্রদানঃ	করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরস্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে।	-	-
পার্টনারশিপ ও নেটওয়ার্কিংঃ			-
সোশ্যাল মিডিয়ার ব্যবহারঃ	করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ www.facebook.com/spcbl.gazipur বন্ধ হয়ে যাওয়ায় এর পরিবর্তে www.facebook.com/Takshal ফেসবুক পেইজ খোলা হয়েছে।		-
প্রকাশনা ও	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী	

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করনীয়
ডকুমেন্টেশনঃ	সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	

উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (প্রশাসন)